গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
মিঠামইন,কিশোরগঞ্জ।

স্মারক নং-৪৭.৬১.৪৮৫৯.০০০.০৫.০২১.১৯-৩৩৭ তারিখ:-২৫/০৩/২০১৯খ্রি:

বিষয়:- **<u>ইনোভেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রেরণ প্রসঙ্গে ।</u>**
**<u>সুত্রঃ মহোদয়ের কার্যালয়ের স্মারক নং৪৭.৬১.৪৮০০.০০০.৩২.০০২.১৬-৫৯১(১৩), তারিখঃ ২৫/০৩/২০১৯ খ্রিঃ।</u>**

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক এ উপজেলার ইনোভেশন সংক্রান্ত হাল নাগাদ তথ্যাদি নির্ধারিত ছকে পূরন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথে মহোদয় বরাবর প্রেরণ করা হলো।

সংযুক্ত:- বর্ণনা মতে ৩(তিন) পাতা।

স্বাক্ষরিত/-
(মো: আবু আছলাম)
উপজেলা সমবায় অফিসার
মিঠামইন,কিশোরগঞ্জ।
ফোন-০৯৪৩৫-৫৬০৩৬

জনাব মোঃ আব্দুর রশীদ রেজা
জেলা সমবায় অফিসার
কিশোরগঞ্জ,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
মিঠামইনম, কিশোরগঞ্জ।

| উদ্ভাবনের নাম | উদ্বাবকের নাম, ঠিকানা, পদবী ই-মেইল ও মোবাইল | উদ্বাবনের ধরণ (পাইলটিং/ প্লিকোট এসপিএস | উদ্বাবকের প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত (২দিন/৩দিন/ ৫দিন | বর্তমান অগ্রগতি প্রতিবেদন (সংযুক্ত নির্ধারিত ছকে নিকস ফন্টে সফট কপি ও পিডিএফ কপি) | বিভাগের মেন্টরের নাম, ঠিকানা, পদবী ই-মেইল ও মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মাল্টিপারপাস, সঞ্চয় ও ঋনদান, মৎস্যজীবি, শ্রমজীবি, ক্ষুদ্র ব্যবসায়ী সমিতিকে টেকসই ও উৎপাদনমুখি সমবায় সমিতিতে রূপান্তর | জনাব কাজী আবুল এহসান<br>জেলা সমবায় অফিসার,<br>(অতিরিক্ত দায়িত্ব ও পি.আর.এল)<br>কিশোরগঞ্জ।<br>০১৭১৬-০৯৪০২৫ | পাইলটিং | ২দিন | ছক সংযুক্ত | জনাব জেবুন নাহার<br>উপ-নিবন্ধক (প্রশাসন)<br>বিভাগীয় সমবায় দপ্তর<br>ঢাকা বিভাগ,ঢাকা।<br>01711-004275<br>zebunnahar2012@yahoo.com |

স্বাক্ষরিত/-
(মোঃ আবু আছলাম)
উপজেলা সমবায় অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ।

# ছক

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম (পাইলটিং, রেপ্লিকেটিং, এসপিএস) | : | পাইলটিং। |
| ২. | বাস্তবায়নকারীর নাম, পদবী, কর্মস্থল ও ফোন নং | : | মোঃ আবু আছলাম<br>উপজেলা সমবায় অফিসার<br>মিঠামইন, কিশোরগঞ্জ।<br>০৯৪৩৫৫৬০৩৬। |
| ৩. | প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণী | : | মাল্টিপারপাস, সঞ্চয় ও ঋনদান, মৎস্যজীবি, শ্রমজীবি, ক্ষুদ্র ব্যবসায়ী সমিতিকে টেকসই ও উৎপাদনমুখি সমবায় সমিতিতে রূপান্তর। |
| ৪. | প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট | : | সমবায় সমিতির নিয়মিত অডিট, ব্যবস্থাপনা কমিটির সভা ও বার্ষিক সাধারণ সভা নিয়মিত অনুষ্ঠিত না হওয়া, সকল সদস্য সমিতির অর্জিত মুনাফা ভোগ করার সুযোগ না পাওয়া, সৎ লোকের নেতৃত্ব প্রতিষ্ঠা না হওয়া, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আইন ও বিধিগত সঠিক ধারনা না থাকা। |
| ৫. | প্রকল্প গ্রহণ পূর্ব বিদ্যমান সমস্যা | : | • সমবায় সমিতিরি ব্যবস্থাপনা কমিটিতে একই ব্যাক্তির বার বার নির্বাচিত হওয়া ও নিজ নিজ স্বার্থে অসদুপায় অবলম্বন করা এবং সাধারণ সদস্যদের মতমতকে প্রাধান্য না দেওয়া<br>• সাধারণ সদস্যদের নির্বাচন সর্ম্পকে সম্যখ ধারনা না থাকা এবং আইন, বিধিমালা ও উপ-আইন এর বিধান সর্ম্পকে সুস্পষ্ট ধারনা না থাকা।<br>• সমিতির উদ্দেশ্য বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ না করা ও নেতৃত্ব বিকাশে গুরুত্ব না দেওয়া।<br>• টেকসই ও উৎপাদনমুখি কর্মপরিকল্পনা  গ্রহণ করে বাস্তবায়ন না করা। |
| ৬. | প্রকল্প গৃহীত সমাধান | : | • উপজেলা ও জেলা সমবায় অফিসারের নেতৃত্বে গঠিত টিম কর্তৃক উপজেলার সম্ভাবনাময় সমিতিগুলোর একটি তালিকা প্রণয়ন করা।<br>• অতঃপর পর্যায়ক্রমে ইনোভেশণ টিম ও জেলার ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃকিজ নিয়মিত সমিতিতে গমন ও উদ্বুদ্ধকরন সভা ও প্রমিক্ষনের ব্যবস্থা করা যাতে সমিতি গুলোতে ৩ নং ও ৪নং অধ্যায়ে বর্ণিত বিদ্যমান সমস্যা গুলো থেকে মুক্ত হতে পারে।<br>• প্রযোজ্য ক্ষেত্রে সমবায় আঞ্চলিক শিক্ষায়তন ও বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লায় প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা।<br>• প্রযোজ্য ক্ষেত্রে ই-মেইল, ফেইসবুক এবং এমএমএস এর মাধ্যমে সমিতির কার্যক্রমে গতিশীলতা আনয়নের ব্যবস্থা করা।<br>• সংশ্লিষ্ট এলাকার বাস্তবতার নিরিখে উৎপাদনমুখি প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের পরামর্শ প্রদান, উদ্বুদ্ধকরণ ও প্রকল্প পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা।<br>• সমিতিতে লভ্যাংশ বন্টন নিশ্চিত করা। |
| ৭. | প্রকল্প বাস্তবায়ন এলাকা | : | উপজেলা : মিঠামইন, জেলা: কিশোরগঞ্জ। |
| ৮. | প্রকল্প উপকারভোগী | : | সমবায় সমিতির সদস্যবৃন্দ। |
| ৯. | প্রকল্পের আওতাভুক্ত সদস্য সংখ্যা | : | ১২৭৫ জন। |
| ১০. | প্রকল্পের গৃহীত সমাধানের ফলে অর্জিত ফলাফল | : | |

| প্রত্যাশিত ফলাফল<br>(TCV এর আলোকে) | অর্জিত ফলাফল |
|---|---|
| ক) **সময়** : আইন ও বিধি মতে সমবায় সমিতি পরিচালিত হবে। গতানুগুতিক কর্মকান্ডের বাইরে এসে উৎপানমুখি ধরায় রূপান্তরিত হবে। নিয়মিত লভ্যাংশ বিতরণ করা হলে সদস্যদের আগ্রহ বাড়বে। সদস্যগণ তাদের পছন্দ অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি গঠন করতে পারবে এবং নেতৃত্বের বিকাশ ঘটবে।<br>খ) **খরচ** :<br>গ) **যাতায়াত** :<br>ঘ) **অন্যান্য প্রত্যাশিত ফলাফল** : | ক) **সময়** : আইন ও বিধি মতে সমবায় সমিতির কার্যক্রম অনেকাংশে পরিচালিত হচ্ছে। গতানুগুতিক কর্মকান্ডের বাইরে এসে উৎপানমুখি ধরায় রূপান্তরিত হয়েছে। নিয়মিত লভ্যাংশ বিতরণ করার উদ্যোগ নেওয়া হয়েছে। কিছু সংখ্যক সমিতির সাধারণ সদস্যগণ তাদের পছন্দ অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি গঠন করতে পারছে এবং নেতৃত্বের বিকাশ ঘটছে।<br>খ) উৎপাদনমুখি ধারায় রূপান্তরিত সমিতিগুলোর সদস্যগণকে তাদের উৎপাদন বৃদ্ধির লক্ষে সমিতির নিজস্ব তহবিল হতে ইতোমধ্যে  ৬০,৯৬০০০ টাকা ঋন বিতরণ করে ৫৬৭৫০০০ টাকা ঋন আদায় করে সমিতিগুলো উৎপাদনমুখি সমবায়ে রূপান্তরিত হয়েছে। ।<br>গ) সদস্যগণের ঋন প্রাপ্তির ক্ষেত্রে আবেদন দাখিলের পর সর্বোচ্চ ২৪ ঘন্টা সময় অতিবাহিত হয়েছে। |

১১. **প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সম্পদ সংগ্রহ/অর্থের উৎস** : সমিতির মূলধন।

১২. **প্রকল্প বাস্তবায়নে কি ধরণের ঝুকি/চেলেঞ্জ ছিল ও কিভাবে তা সমাধান হয়েছেঃ** আর্থিক সংকট ছিল। আর্থিক সংকট মোকাবেলায় সংশ্লিষ্ট সমিতির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সাবলম্বি সদস্যগণের নিটক হতে আমানত গ্রহণ করে সমস্যার সমাধান করেছে।

১৩. **টেকসইকরণ ( প্রকল্প দীর্ঘ মেয়াদে টেকসই হতে পারে কি? কিভাবে সেটা সম্ভব? এ বিষয়ে বাস্তবায়নকারীর সুপারিশঃ** উৎপাদনমুখি সমবায় সমিতিগুলোকে কিংবা উৎপাদনমুখি খাতে রূপান্তরিত সমিতিগুলোকে বার্ষিক ৯% হারের নিচে মুনাফা প্রদানের শর্তে সরকারী তহবিল হতে ঋন প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। পাশাপাশি প্রয়োজনীয় উপকরণ সহায়তা দেওয়া যেতে পারে এবং সদস্যগণেকে ভাতাযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা প্রয়োজন।

১৪. **প্রকল্প থেকে শিক্ষণীয় বিষয়ঃ** ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ে বৃহৎ তহবিল গঠন ও গঠিত তহবিল উৎপাদনমুখি খাতে ঋন প্রদানের মাধ্যমে সদস্যগণের উৎপাদন বৃদ্ধিতে ইতিবাচক প্রভাব পরা। সদস্যগণের আর্থিক ও অনার্থিক অংশ গ্রহণের ফলে সমিতির কার্যক্রমে আইন, বিধি ও উপ-আইনের বিধান কিছুটা হলেও বাস্তবায়নের মাধ্যমে সংশ্লিষ্ট সমিতি গতানুগতি কর্মকান্ড থেকে বেড়িয়ে এসে উৎপাদনমুখি ধারায় সম্পৃক্ত হওয়া।

১৫. **বৃহত্তর মাত্রায় বাস্তবায়ন যোগ্যতা (প্রকল্পটি কি সারাদেশে বাস্তবায়নযোগ্য যদি বাস্তবায়নযোগ্য হয় তাহলে কিভাবে?)** : প্রকল্পটি সারাদেশে বাস্তবায়নযোগ্য। উৎপাদনমুখি সমবায় সমিতিগুলোকে কিংবা উৎপাদনমুখি খাতে রূপান্তরিত সমিতিগুলোকে বার্ষিক ৯% হারের নিচে মুনাফা প্রদানের শর্তে সরকারী তহবিল হতে ঋন প্রদানের মাধ্যমে।

**মন্তব্য:** প্রকল্পটিকে স্থায়ী রূপদিতে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের, উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় উপকরণ সহায়তা প্রদানের ও বার্ষিক ৯% হারের নিচে মুনাফা প্রদানের শর্তে সরকারী তহবিল হতে ঋন প্রদানের ব্যবস্থা করা যেতে পারে।

**উপসংহার** : প্রকল্পটি যথার্থভাবে বাস্তবায়িত হলে এ উপজেলার নূন্যতম ১২৭৫টি সমবায় পরিবার স্থায়ী ভাবে স্বাবলম্বি হবে বলে বিশ্বাস।

**প্রকল্প বাস্তবায়নে অংশীজনের ভূমিকা:** প্রকল্প বাস্তবায়নে অংশীজনের ভূমিকা মূখ্য।

স্বাক্ষরিত/-
(মোঃ আবু আছলাম)
উপজেলা সমবায় অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ।